

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭০৮

আগরতলা, ২৭ জানুয়ারি, ২০২৪

প্রজাতন্ত্র দিবসে প্রাক্তন সৈনিকদের সম্মেলন

৭৫তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে গতকাল প্রজ্ঞাভবনে প্রাক্তন সৈনিকদের সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন জিএ পলিটিক্যাল দপ্তরের উপসচিব মনোজ কুমার সাহা। সম্মেলনে সৈনিক কল্যাণ বোর্ডের অধিকর্তা অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জে পি তেওয়ারি সৈনিক কল্যাণে বোর্ডের কর্মসূচির কথা তুলে ধরেন। তিনি জানান, প্রাক্তন সৈনিকদের কল্যাণে কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্নভাবে সহায়তা দিচ্ছে। সম্মেলনে প্রাক্তন সৈনিকদের পক্ষ থেকে বক্তৃব্য রাখেন বোর্ডের তারপ্রাপ্ত সচিব গঙ্গেশ দেবরায়। সম্মেলনে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৰ্তা ডাঃ বিশাল কুমার, মেজর ডাঃ কাকলি ধর প্রমুখ। অনুষ্ঠানে ৪ জন প্রয়াত সৈনিকের পত্তাকে সেলাই মেশিন দেওয়া হয়েছে। অতিথিগণ তাদের হাতে সেলাই মেশিনগুলি তুলে দেন। প্রাক্তন সৈনিক সম্মেলন উপলক্ষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

\*\*\*\*\*